দৈনিক সংবাদ

JAN. 18 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...১৬... কলাম... ৭....

# শিক্ষা সপ্তাহ পালিত

কালীগঞ্জ (লালমনিরহাট) থেকে সংবাদদাতা ঃ 'বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষা'— এ শ্লোগানকে সামনে রেখে দেশের অন্যান্য স্থানের মতো কালীগঞ্জ উপজেলাতেও ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্যে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০২ পালিত হয়েছে। শিক্ষা সপ্তাহের সমাপনী দিন ১০ই জানুয়ারি অনুষ্ঠিত হয় শিক্ষা সম্মেলন, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত সমাপনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা শাহেদ কবির। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন তুষভান্ডার আর.এম.এম.পি সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক তোজাম্মেল হোসেন, নছরউদ্দিন বালিকা সরকারি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোহসীন আলী, বলবলা ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ এমদাদুল হক, সাংবাদিক মোকলেছুর রহমান টুকু ও শাখাতি জব্বারিয়া দাখিল মাদ্রাসার সুপার মওলানা মোতালেব হোসেন।